গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
বস্ত্র-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.motj.gov.bd

নম্বর-২৪.০০.০০০০.০০০.১১৫.১৮.০০০১.১৭. ০৮

তারিখ: ২২ পৌষ ১৪৩২ / ০৬ জানুয়ারি ২০২৬

## প্রজ্ঞাপন

যেহেতু জনাব ফজলে রাব্বী পরাগ, সাবেক সুপারিনটেনডেন্ট (অঃদাঃ) (সাময়িক বরখাস্ত), টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউট, মালখানগর, মুন্সিগঞ্জ প্রতিষ্ঠানে একাধিক ব্যাংক একাউন্টে সরকারি অর্থ লেনদেনের অভিযোগ পাওয়া যায়। উক্ত অভিযোগে "সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮" অনুযায়ী বিভাগীয় মামলা রুজু করা হয়। বিভাগীয় মামলা রুজু করে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণের মাধ্যমে কৈফিয়ত তলব করা হয়; এবং

০২. যেহেতু বিভাগীয় মামলার অভিযোগনামার পরিপ্রেক্ষিতে তিনি আনীত অভিযোগের জবাব দাখিল করেন এবং আত্মপক্ষ সমর্থনের জন্য ব্যক্তিগত শুনানী দিতে আগ্রহ প্রকাশ করেন। সে প্রেক্ষিতে গত ২৮/১২/২০২৫ তারিখে ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়। উক্ত অভিযোগের সাথে দু'টি ব্যাংক একাউন্টের আর্থিক লেনদেনের হিসাব বিবরণী (স্টেটমেন্ট) পাওয়া যায়। হিসাব বিবরণী দু'টি পর্যালোচনা করে দেখা যায় যে, উক্ত প্রতিষ্ঠানের সাবেক সুপারিনটেনডেন্ট (অ:দা:) জনাব ফজলে রাব্বী পরাগ সোনালী ব্যাংক পিএলসি, ঢাকা ক্যান্টনমেন্ট কর্পোরেট ব্রাঞ্চ-১১১৫, ঢাকা হতে প্রতিষ্ঠানের ব্যাংক একাউন্টে ১৭/১১/২০২৪ খ্রিঃ তারিখে ৮০,০০০/- (আশি হাজার টাকা) জমা প্রদান করেন এবং একই ব্রাঞ্চ হতে অপর একটি ব্যাংক একাউন্টে ১৮/০৯/২০২৪ খ্রিঃ তারিখ ৩৫,২৫০/- (পয়ত্রিশ হাজার দুইশত পঞ্চাশ টাকা) জমা প্রদান করেন মর্মে উল্লেখ করেন; এবং

০৩. যেহেতু বিগত ৩০-০৪-২০২৩ থেকে ০৩-০৭-২০২৪ তারিখ পর্যন্ত টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউট, মালখানগর, মুন্সিগঞ্জ-এর সুপারিনটেনডেন্টের অতিরিক্ত দায়িত্ব পালন করেন। উক্ত দায়িত্ব পালনকালে তার বিরুদ্ধে ৯ম ও ১০ম শ্রেণীর ২০২৪ শিক্ষাবর্ষের ভর্তি ফি বাবদ ৬৫০/- (ছয়শত পঞ্চাশ টাকা)-এর পরিবর্তে ৮৫০/- (আটশত পঞ্চাশ টাকা) অর্থাৎ ১৬০/- (একশত ষাট টাকা) অতিরিক্ত ফি আদায়পূর্বক প্রতিষ্ঠানের সরকারি ব্যাংক একাউন্টে জমা না রেখে এবং প্রতিষ্ঠানের সুনির্দিষ্ট খাতে ব্যয় না করে ব্যক্তিগতভাবে উত্তোলন করে দীর্ঘদিন নিজের কাছে রাখার যে অভিযোগ রয়েছে সে বিষয়ে উপস্থাপিত বক্তব্য যৌক্তিক ও গ্রহণযোগ্য বলে প্রতীয়মান হয়নি; এবং

০৪. যেহেতু রাঙ্গামাটি থাকাকালীন সময়ে তার বিরুদ্ধে অনিয়মতান্ত্রিক ও অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত থাকায় তাকে সর্তক করা হয়েছিল, যা তিনি অবগত নন মর্মে শুনানীকালে জানান, তার এই বক্তব্য গ্রহণযোগ্য নয়; এবং

০৫. যেহেতু টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউট, মালখানগর, মুন্সিগঞ্জ-এর সুপারিনটেনডেন্টের অতিরিক্ত দায়িত্ব পালনকালে ২০২৩-২০২৪ অর্থ বছরে শিক্ষার্থীদের মাঝে বৃত্তি বাবদ সরকারি বরাদ্দকৃত অর্থ বিতরণ না করে নিজের কাছে রাখার আনীত অভিযোগের বিষয়ে উপস্থাপিত বক্তব্যও যুক্তিযুক্ত নয় বলে প্রতীয়মান হয়; এবং

০৬. যেহেতু টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউট, মালখানগর, মুন্সিগঞ্জ-এর সহকারী শিক্ষক (ভাষা) পদে কর্মরত জনাব মোঃ ফিরোজ শাহবুদ্দিন কর্তৃক দাবীকৃত ৮০,০০০/- (আশি হাজার টাকা) প্রতিষ্ঠানের একাউন্টে এবং ৩৫,২৫০/- (পঁয়ত্রিশ হাজার দুইশত পঞ্চাশ টাকা) জনাব মোঃ ফিরোজ শাহবুদ্দিন এর ব্যক্তিগত একাউন্টে তার স্ত্রীর মাধ্যমে (ব্যাংকে কর্মরত) জমা প্রদান করার সর্বশেষ যে বক্তব্য উপস্থাপন করেন তা বোধগম্য নয়। তিনি ব্যক্তিগতভাবে উক্ত টাকা ব্যয় না করলে ৮০,০০০/- (আশি হাজার টাকা) প্রতিষ্ঠানের একাউন্টে এবং ৩৫,২৫০/- (পঁয়ত্রিশ হাজার দুইশত পঞ্চাশ টাকা) জনাব মোঃ ফিরোজ শাহবুদ্দিন এর ব্যক্তিগত একাউন্টে জমা প্রদান করতেন না; এবং

[ চলমান পাতা-০২ ]

০৭. যেহেতু তদন্ত প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায় অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত একাধিক ব্যাংক একাউন্টে সরকারি অর্থ লেনদেন সংক্রান্ত অভিযোগে 'অসদাচরণ' প্রমাণিত হয়।

০৮. সেহেতু, তদন্ত প্রতিবেদন ও অভিযোগের জবাবসহ সার্বিক বিবেচনায় জনাব ফজলে রাব্বী পরাগ, সাবেক সুপারিনটেনডেন্ট (অঃদাঃ) (সাময়িক বরখাস্ত), টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউট, মালখানগর, মুন্সিগঞ্জ এর বিরুদ্ধে "সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮"-এর বিধি ৩(খ) অনুযায়ী অসদাচরণের অভিযোগ প্রমাণিত হওয়ায় একই বিধিমালার ৪(১)(ক) অনুযায়ী লঘুদণ্ডে দণ্ডিত করে উক্ত বিধিমালার ৪(২)(খ) অনুযায়ী দুই বছরের জন্য বেতন বৃদ্ধি স্থগিত করা হলো। তবে দন্ডের মেয়াদ শেষ হওয়ার পর তিনি স্বয়ংক্রিয়ভাবে বেতন বৃদ্ধি প্রাপ্য হবেন। তিনি কোনো বকেয়া প্রাপ্য হবেন না।

০৯. জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,
**স্বাক্ষরিত/-**
০৬/০১/২০২৬
(বিলকিস জাহান রিমি)
সচিব

নম্বর-২৪.০০.০০০০.০০০.১১৫.১৮.০০০১.১৭.০৮

তারিখ: ২২ পৌষ ১৪৩২ / ০৬ জানুয়ারি ২০২৬

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

০১. মহাপরিচালক, বস্ত্র অধিদপ্তর, বিটিএমসি ভবন, ৭-৯, কাওরান বাজার, ঢাকা;
০২. চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার এর কার্যালয়, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা;
০৩. সচিবের একান্ত সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
০৪. সিস্টেম এনালিস্ট, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
০৫. ডিস্ট্রিক্ট একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, ডিস্ট্রিক্ট একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার এর কার্যালয়, চট্টগ্রাম/সুনামগঞ্জ;
০৬. জনাব ফজলে রাব্বী পরাগ, সুপারিনটেন্ডেন্ট, মূল: টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউট, বায়েজিদ, চট্টগ্রাম সংযুক্ত: আজিজুননেসা টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউট, শান্তিগঞ্জ, সুনামগঞ্জ;
০৭. উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, বায়েজিদ, চট্টগ্রাম/শান্তিগঞ্জ, সুনামগঞ্জ;
০৮. অফিস কপি।

০৬/০১/২৬

সাবিহা ইয়াসমীন
উপসচিব
ফোনঃ ৯৫১৫৫৯০
sastextile1@gmail.com